**Q:1** নির্বাচন কমিশন স্থাপিত হয়েছিল
**1.** 21 জানুয়ারী 1950
**2.** 25 জানুয়ারী 1950
**3.** 26 জানুয়ারী 1950
**4.** 25 জানুয়ারী 1951

**Q:2** প্রতিবছর জাতীয় ভোটার দিবস কবে পালিত হয়?
**1.** 12 জানুয়ারী
**2.** 15 সেপ্টেম্বর
**3.** 25 জানুয়ারী
**4.** 24 এপ্রিল

**Q:3** কোন ধারায় ভারতীয় নির্বাচন কমিশনের উল্লেখ করা হয়েছে?
**1.** 324 নং ধারা
**2.** 325 নং ধারা
**3.** 326 নং ধারা
**4.** 328 নং ধারা

**Q:4** নির্বাচন কমিশন নিম্নলিখিত কোনগুলির নির্বাচন করাতে দায়বদ্ধ নয়?
a. মিউনিসিপালিটি
b. মিউনিসিপাল কর্পোরেশন গুলির
c. পঞ্চায়েত গুলির
d. রাজ্য বিধানসভার
**1.** কেবলমাত্র b এবং c
**2.** কেবলমাত্র b, c এবং d
**3.** কেবলমাত্র a, b এবং c
**4.** a, b, c এবং d

**Q:5** ভারতের নির্বাচন কমিশন নিয়ে নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক?
a. এটি একটি স্বায়ত্বশাসিত সংস্থা
b. এটি একটি স্থায়ী সংস্থা
c. এটি ভারতের সংবিধান দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল।
d. এটি একটি সর্ব-ভারতীয় সংস্থা
**1.** কেবলমাত্র a এবং b
**2.** কেবলমাত্র a, c এবং d
**3.** কেবলমাত্র a, b এবং c
**4.** a, b, c, এবং d

**Q:6** ভারতের নির্বাচন কমিশন গঠন নিম্নলিখিত কার দ্বারা নির্ধারিত হয়?
**1.** আইনসভা
**2.** রাষ্ট্রপতি
**3.** মুখ্য নির্বাচন কমিশনার
**4.** ভারতের প্রধান বিচারপতি

**Q:7** নিম্নলিখিত কার মত ভারতের নির্বাচন কমিশনারকেও তার পদ থেকে অপসারণ করা যেতে পারে?
**1.** ভারতের অ্যাটর্নি জেনারেল
**2.** সুপ্রীম কোর্টের বিচারপতি
**3.** ভারতের কম্পট্রোলার এবং অডিটর জেনারেল
**4.** হাইকোর্টের বিচাপতি

**Q:8** ভারতের মুখ্য নির্বাচন কমিশনার তার পদে কত বছরের জন্য অধিষ্ঠিত থাকেন?
**1.** 2 বছর
**2.** 4 বছর
**3.** 5 বছর


Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

**4.** 6 বছর

**Q:9** রাষ্ট্রপতি কোন সালে প্রথমবারের মতো দুজন অতিরিক্ত নির্বাচন কমিশনার নিয়োগ করেন?

**1.** 5 ই অক্টোবর 1988

**2.** 16 ই অক্টোবর 1989

**3.** 1 লা জানুয়ারি 1990

**4.** 12 ই অক্টোবর 1993

**Q:10** নিম্নলিখিত কোন বিবৃতিটি সঠিক?

a. ভারতের সুপ্রীম কোর্টের বিচারপতিদের সমতুল্য বেতন ও ভাতা গ্রহণ করেন মুখ্য নির্বাচন কমিশনার এবং দুজন নির্বাচন কমিশনার।

b. মুখ্য নির্বাচন কমিশনার এবং দুজন নির্বাচন কমিশনারের ক্ষমতা একই।

c. মুখ্য নির্বাচন কমিশনার এবং দুজন নির্বাচন কমিশনারের মধ্যে মতামতের বিভেদ হলে মুখ্য নির্বাচন কমিশনারের কাছে নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা আছে।

d. ভারতের নির্বাচন কমিশন হল একটি তিন সদস্যের সংগঠন।

**1.** কেবলমাত্র b, c এবং d

**2.** কেবলমাত্র a, b এবং d

**3.** কেবলমাত্র a, c এবং d

**4.** a, b, c এবং d



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com

GET IT ON Google Play

## Answer Key

| | | | | |
|---|---|---|---|---|
| **1.** (2) | **2.** (3) | **3.** (1) | **4.** (3) | **5.** (4) |
| **6.** (2) | **7.** (2) | **8.** (4) | **9.** (2) | **10.** (2) |

## Answers and Solutions

**Q:1** সঠিক উত্তরটি হল **বিকল্প 2** অর্থাৎ **25 জানুয়ারী 1950**

- **নির্বাচন কমিশন স্থাপিত হয়েছিল 1950 সালের 25 জানুয়ারি।**
- নির্বাচন কমিশন হল একটি স্বায়ত্বশাসিত সাংবিধানিক সংস্থা, নির্বাচন পরিচালনা এবং নিয়ন্ত্রণ করার জন্য ভারতের সংবিধান দ্বারা এই সংস্থার গঠন করা হয়েছিল।
- ভারতের নির্বাচন কমিশন (ECI) লোকসভা, রাজ্যসভা, রাজ্য বিধানসভার এবং দেশের রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতির নির্বাচন পরিচালনা করে।

**Q:2** সঠিক উত্তরটি হল **বিকল্প 3** অর্থাৎ **25শে জানুয়ারী**

- **প্রতি বছর 25শে জানুয়ারি জাতীয় ভোটার দিবস হিসাবে পরিলক্ষিত হয়।**
- ভারত সরকার 2011 সালের 25শে জানুয়ারি থেকে জাতীয় ভোটার দিবস চালু করেছে ভারতের নির্বাচন কমিশনের প্রতিষ্ঠা দিবস হিসাবে চিহ্নিত করতে।
- এটি চালু করা হয়েছিল আরও তরুণ ভোটারদেরকরে নির্বাচনী প্রক্রিয়াতে অংশগ্রহণ করার জন্য।

**Q:3** সঠিক উত্তরটি হল **বিকল্প 4** অর্থাৎ **324 নং ধারা**

- **324 নং ধারায় ভারতের নির্বাচন কমিশনের উল্লেখ আছে।**
- সংবিধানের 324 নং ধারা অনুযায়ী নির্বাচন কমিশনকে আইনসভার, রাজ্য বিধানসভার, ভারতের রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতি নির্বাচন তত্ত্বাবধানের, নির্দেশনার এবং নিয়ন্ত্রণের পূর্ণ ক্ষমতা দেওয়া হয়েছে।

**Q:4** সঠিক উত্তরটি হল **বিকল্প 3** অর্থাৎ **কেবলমাত্র a, b এবং c**

- **ভারতের নির্বাচন কমিশন** লোকসভা , রাজ্যসভা, ভারতের রাজ্য বিধানসভা এবং দেশের রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতির নির্বাচন পরিচালনার দায়িত্বে থাকে।
- **এদের কাছে স্থানীয় সংস্থা অর্থাৎ মিউনিসিপালিটি, মিউনিসিপাল কর্পোরেশনের এবং পঞ্চায়েত গুলিতে নির্বাচন করানোর দায়িত্ব থাকে না। এটার জন্য ভারতীয় সংবিধান আলাদা একটি রাজ্য নির্বাচন কমিশন প্রদান করেছে।**
- রাজ্য নির্বাচন কমিশন স্থানীয় সংস্থাগুলির অর্থাৎ মিউনিসিপালিটি, মিউনিসিপাল কর্পোরেশন এবং পঞ্চায়েত গুলির নির্বাচন করতে দায়বদ্ধ।

**Q:5** সঠিক উত্তরটি হল **বিকল্প 4** অর্থাৎ **a, b, c, এবং d**


Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

- **ভারতের নির্বাচন কমিশন হল একটি সাংবিধানিক, স্থায়ী এবং স্বায়ত্বশাসিত সংস্থা যেটি ভারতের সংবিধান দ্বারা সরাসরি প্রতিষ্ঠা করা হয়েছিল দেশের নির্বাচন পরিচালনা এবং নিয়ন্ত্রণ করার জন্য।**
- **এটি একটি সর্ব-ভারতীয় সংস্থা কারণ এটি কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকার উভয় ক্ষেত্রেই স্বীকৃত।**

**Q:6** সঠিক উত্তরটি হল **বিকল্প 2** অর্থাৎ **রাষ্ট্রপতি**

**ভারতের নির্বাচন কমিশনের গঠন রাষ্ট্রপতির দ্বারা নির্দ্ধারিত হয়।**

মুখ্য নির্বাচন কমিশনার এবং অন্যান্য নির্বাচন কমিশনারা রাষ্ট্রপতির দ্বারা নিযুক্ত হন।

নির্বাচন কমিশন, মুখ্য নির্বাচন কমিশনার এবং প্রয়োজনে অন্যান্য অধিক নির্বাচন কমিশনার সময়ে সময়ে রাষ্ট্রপতি নিযুক্ত করতে পারেন।

**Q:7** সঠিক উত্তরটি হল **বিকল্প 2** অর্থাৎ **সুপ্রীম কোর্টের বিচারপতি**

**সুপ্রীম কোর্টের বিচারপতি যে যে কারণে তাঁর পদ থেকে অপসারিত হতে পারেন সেই সেই কারণে ভারতের মুখ্য নির্বাচন কমিশনার তাঁর পদ থেকে অপসারিত হতে পারেন।**

আইনসভার যেকোন একটি কক্ষে তার বিরূদ্ধে প্রমাণিত অশোভন আচরণএবং অযোগ্যতার উপর ভিত্তি করে বহুমত নিয়ে পাস হওয়া নির্ণয়ের ভিত্তিতে রাষ্ট্রপতি তাকে তার পদ থেকে অপসারণ করতে পারেন।

**Q:8** সঠিক উত্তরটি হল **বিকল্প 4** অর্থাৎ **6 বছর**

- **ভারতের মুখ্য নির্বাচন কমিশনারদের মেয়াদ তার পদে অধিষ্ঠিত থাকতে পারেন ছয় বছর বা 65 বছর বয়স পর্যন্ত, যেটি আগে হয় সেই ভিত্তিতে।**
- ভারতের নির্বাচন কমিশনার যেকোন মুহূর্তে পদত্যাগ করতে পারেন অথবা তার মেয়াদ শেষ হওয়ার আগেই তিনি অপসারিত হতে পারেন।
- ভারতের নির্বাচন কমিশনার যোদিও রাষ্ট্রপতির দ্বারা নিযুক্ত হন তবুও তিনি রাষ্ট্রপতির সন্তুষ্টির উপর ভিত্তি করে তার পদে অধিষ্ঠিত থাকে না।

**Q:9** সঠিক উত্তর হল বিকল্প 2 অর্থাৎ 16 অক্টোবর 1989

ভারতের নির্বাচন কমিশন মূলত 1950 সালে সূচনা থেকে এবং 15 অক্টোবর 1989 পর্যন্ত প্রধান নির্বাচন কমিশনারের সমন্বয়ে গঠিত একক সদস্য সংস্থা হিসেবে কাজ করে।

**রাষ্ট্রপতি 16ই অক্টোবর 1989 সালে প্রথমবারের মতো দুইজন অতিরিক্ত কমিশনার নিয়োগ করেন**। ভোটের বয়স 21 থেকে 18 বছর কমানোর কারণে নির্বাচন কমিশনের বর্ধিত কাজ মোকাবিলা করার জন্য এটি করা হয়েছিল।

**Q:10** সঠিক উত্তরটি হল **বিকল্প** 2 অর্থাৎ **কেবলমাত্র a, b এবং d ।**



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play

- ভারতের নির্বাচন কমিশন হল তিন সদস্য সম্বলিত একটি সংগঠন যেখনে একজন মুখ্য নির্বাচন কমিশনার এবং দুজন নির্বাচন কমিশনার উপস্থিত থাকে।
- ভারতের মুখ্য নির্বাচন কমিশনার এবং দুজন নির্বাচন কমিশনারের ক্ষমতা সমান হয় এবং **যদি মুখ্য নির্বাচন কমিশনার এবং দুজন নির্বাচন কমিশনারের মধ্যে মতামতের বিভেদ হয়, তাহলে কমিশনের সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে ঐ ব্যাপারটি নির্ণয় করা হয়।**
- ভারতের সুপ্রীম কোর্টের বিচারপতিদের সমতুল্য বেতন এবং ভাতা গ্রহণ করেন মুখ্য নির্বাচন কমিশনার এবং দুজন নির্বাচন কমিশনার।



Asutosh Mukherjee Road, College Para, Hathi More, Siliguri, West Bengal
+91 - 8436586516, +91-8436900456
thedhronas@gmail.com
thedronas.com
GET IT ON Google Play